বেগম খালেদা জিয়া সারাজীবন জনগণের পক্ষেই সংগ্রাম করেছেন

জনগণের স্বার্থে বিএনপি’র অপশক্তিকে যেমন আমরা রুখব, তেমনি যারা নির্বাচন বানচাল করতে চায় তাদের বিরুদ্ধেও রাজপথে দাঁড়াতে হবে। বেগম খালেদা জিয়া সারাজীবন জনগণের পক্ষেই সংগ্রাম করেছেন। তাঁর জন্মদিনে, এই শুভ দিনে, এই অঙ্গীকার আমাদের করা উচিত গণতন্ত্র পুনরুদ্ধার ছাড়া, মানুষের ভোট ও ভাতের অধিকার প্রতিষ্ঠা ছাড়া, রাজপথ থেকে আমরা সরে যাব না।

গতকাল শুক্রবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারে বিএনপি’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলে সভাপতির বক্তব্যে বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক এমপি মাসুদ অরুন এ কথা বলেন।

তিনি আরো বলেন, অপশক্তিকে কমিটি দেওয়া হয়েছে, যারা আওয়ামী লীগকে পুনর্বাসন করছে। একদিন হুকুম দিলে কেউ বাড়িতে ঘুমিয়ে থাকতে পারবে না। এই অপশক্তির পাশাপাশি আরেকটি শক্তি আছে, যারা নির্বাচনকে বানচাল করতে চায়। ১৭ বছর যে নির্বাচনের জন্য আমরা জেল-জুলুম খেটেছি, ৫০ লক্ষ বিএনপি’র নেতা-কর্মী জেল-জুলুমের শিকার হয়েছে সেই নির্বাচনের সুযোগ যেন আমাদের কোনো ভুল সিদ্ধান্তে হাতছাড়া না হয়, জনগণ যেন ভোটাধিকার থেকে বঞ্চিত না হয় এ ব্যাপারে খেয়াল রাখতে হবে।

কোনো কিছুতেই আমাদের দমানো যাবে না। দুই-একজন বিক্রি হবে এটা অস্বাভাবিক কিছু নয়। ১২৭টি গ্রামে তিনজন বিক্রি হয়েছে সেই বিক্রিতে কারা কারা আছে পচা মাল, ভালো মাল সব আপনারা জানেন।

জেলা বিএনপি আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিসহ বিএনপি’র অঙ্গসংগঠনের

বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভার পরে খালেদা জিয়ার সুস্থতা ও দীর্ঘায়ু কামনায় বিশেষ দোয়া মোনাজাত করা হয়।